

# প্রধানমন্ত্রী বেলজিয়ামের প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন

মার্চ 26, 2024

প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী আজ বেলজিয়ামের প্রধানমন্ত্রী আলেকজান্ডার ডি ক্রু-এর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

প্রধানমন্ত্রী প্রথমেই সম্প্রতি ব্রাসেলসে প্রথম পারমাণবিক শক্তি শীর্ষ সম্মেলনের সফল আয়োজনের জন্য প্রধানমন্ত্রী ডি ক্রুকে অভিনন্দন জানান।

উভয় নেতাই ভারত ও বেলজিয়ামের মধ্যে চমৎকার সম্পর্ক নিয়ে পর্যালোচনা করেন। তাঁরা বাণিজ্য, বিনিয়োগ, ক্লিন টেকনোলজি, সেমিকন্ডাক্টর, ফার্মাসিউটিক্যালস, গ্রিন হাইড্রোজেন, আইটি, প্রতিরক্ষা, বন্দরসহ বিভিন্ন খাতে দ্বি-পাক্ষিক অংশীদারিত্ব আরও জোরদার করার উপায় নিয়ে আলোচনা করেন।

দুই নেতা ইউরোপীয় ইউনিয়নের কাউন্সিলের চলমান বেলজিয়ান প্রেসিডেন্সির অধীনে ভারত-ইইউ কৌশলগত অংশীদারিত্বকে আরও জোরদার করার প্রতিশ্রুতি সুনিশ্চিত করেছেন।

তাঁরা আঞ্চলিক ও বৈশ্বিক উন্নয়ন নিয়ে মতবিনিময় করেন। তাঁরা পশ্চিম এশিয়া অঞ্চল এবং রাশিয়া-ইউক্রেন সংঘাতে শান্তি ও নিরাপত্তা দ্রুত পুনরুদ্ধারের জন্য সহযোগিতা ও সমর্থন বাড়ানোর প্রয়োজনীয়তা বিষয়েও সহমত পোষণ করেছেন।

দুই নেতাই পারস্পরিক যোগাযোগ রাখতে সম্মত হয়েছেন।

নতুন দিল্লি

26 মার্চ, 2024